গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.০০১.১৬.০০০৩.২৬- ৩৫৫

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০২ আগষ্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহ কার্যক্রমের লক্ষ্যে 'ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি সদরপুরের'র বাছাই প্রক্রিয়ায় মাধ্যমে প্রাথমিকভাবে মনোনীত (Enumerator) দের তালিকা প্রকাশ;**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ নির্দেশিকা, ২০২৬" অনুসারে জরিপকার্য পরিচালনায় তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণের লক্ষ্যে **ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি'সদরপুরের** বাছাই প্রক্রিয়ায় ব্যবহারিক দক্ষতা যাচাই, জিপিএ, আচরণ ও মৌখিক প্রশ্নোত্তর পর্বে উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক তালিকা নিম্নে সমাজসেবা অফিসের কার্যালয়ে আবেদন দাখিলের সময়ে প্রদত্ত ক্রমিক/রোল অনুসারে প্রকাশ করা করা হলো।

| তথ্য সংগ্রহকারী (Data Enumerator) | | | | | | | | সংরক্ষিত তথ্য সংগ্রহকারী | সুপারভাইজার | সংরক্ষিত সুপারভাইজার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২১৯ | ৫৫ | ২৬৩ | ২০৪ | ১৮০ | ২৩৬ | ৩৯ | ২৫২ | ৭৭ | ৩৭ | ১৭৯ |
| ২২০ | ২৫৩ | ১০৮ | ১৬৩ | ২৩ | ২৪০ | ১০ | ৭১ | ১৫৫ | ১৮ | |
| ২১৫ | ২৪৬ | ১০৩ | ৯৮ | ০৪ | ১৫৬ | ২১৬ | ১৮৭ | ২৩৩ | ২২২ | |
| ২৪৫ | ০৫ | ২৬৭ | ২০৫ | ৮৫ | ২৪৯ | ২৬১ | ১৭০ | ২১৭ | ১৪০ | |
| ১৫৮ | ৩১ | ৭৯ | ২০৮ | ২৬৯ | ১২৭ | ১৫০ | ২২১ | ১৫১ | ১৬০ | |
| ৫৭ | ২৯ | ২৪৮ | ২২৭ | ৭৮ | ৩৩ | ১৯৪ | ১২৯ | ১৬৫ | ১২২ | |
| ১৮৬ | ২০ | ২৭২ | ২৩৮ | ২৫১ | ৩৪ | ১৬৯ | | ১৩৭ | ২৫৪ | |
| ১০৪ | ৮২ | ২৪৪ | ২০৬ | ২৫৫ | ২২৪ | ১১৪ | | ২৮ | ২২৯ | |
| ১৮৯ | ১৬১ | ৯৪ | ১৯৬ | ২৩৫ | ১১৮ | ২৪ | | | | |
| ৭২ | ২৫০ | ২০৩ | ২৭৪ | ৫৬ | ৯০ | ১৪৬ | | | | |

শর্তাবলী:

০১. এ মনোনয়ন সম্পূর্ণভাবে অস্থায়ী; কেবলমাত্র ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ জরিপকালীন সময়ে মাঠপর্যায়ে গ্রামে/বাড়িতে বাড়িতে তথ্য সংগ্রহকালীন বহাল থাকবে;

০২. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের কার্যক্রম সম্পর্কিত সকল বিষয় "ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ নির্দেশিকা, ২০২৬" অনুসারে নিয়ন্ত্রিত হবে;

০৩. জরিপে সংগৃহীত পরিবারের তথ্যের গোপনীয়তা রক্ষা করা বাধ্যতামূলক; নির্দেশিকায় বর্ণিত শর্তাদি প্রতিপালনে ব্যত্যয় হলে এবং আবেদনের সময় দাখিলকৃত কোন সনদ, জাতীয় পরিচয়পত্র, বয়স, ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্যাদি, অসত্য বা ভুয়া প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে মনোনয়ন বাতিল, সম্মানী বাজেয়াপ্ত হবে এবং প্রযোজ্যক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৪. জরিপ সমাপ্তান্তে সরকারি সকল ডিভাইস, গ্যাজেট ও আনুষাঙ্গিক উপকরণ বাধ্যতামূলকভাবে ফেরত প্রদান করতে হবে; ডিভাইস নষ্ট, হারালে বা চুরির ক্ষেত্রে সংশ্লিষ্ট **(Enumerator)** এর নিকট হতে ক্ষতিপূরণ আদায় করা হবে;

০৫. জরিপকার্যে নিয়োজিত হয়ে সংগৃহীত খানার তথ্যের সংখ্যার ভিত্তিতে (কর্তৃপক্ষ যদি সম্মানীর বরাদ্দ রাখে তবে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষে) সম্মানী প্রদান করা হবে; রিজার্ভ বা সংরক্ষিত গণণাকারীর ক্ষেত্রে নির্দেশিকায় উল্লিখিত বিধি-বিধান প্রযোজ্য হবে; জরিপ সমাপ্ত না হওয়া পর্যন্ত বা বরাদ্দ পাওয়া না গেলে সম্মানী দাবী করা যাবেনা;

০৬. তথ্য সংগ্রহের জন্য দৈনিক ০৮ (আট) ঘন্টা হারে দুর্গম, চর-এলাকায় গমণ ও সঠিক তথ্য সংগ্রহের জন্যই কেবল মনোনয়ন বহাল থাকবে, নিজের ডিভাইস অন্যের নিকট হস্তান্তর সম্পূর্ণভাবে নিষিদ্ধ; কোন পর্যায়ে বিধি বহির্ভূত কোন কার্যক্রম পরিচালনা করা হলে সকল প্রকার মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে প্রতিস্থাপন করা হবে;

০৭. নিয়োজিত সকল **(Enumerator)** কে তথ্য সংগ্রহকারী বা সুপারভাইজার উভয় পদে উপজেলা কমিটি কর্তৃক মনোনীত ইউনিয়নে (চর উইনিয়ন সহ) যে কোন ইউনিয়নেই দায়িত্ব পালন করতে হতে পারে; দায়িত্ব বিভাজন সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন চয়েজ/পছন্দ দেওয়া যাবে না; চর এলাকায় দায়িত্ব পালনে অপারগ হলে তৎক্ষণাৎ মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে মনোনয়ন প্রদান করা হবে;

০৮. মনোনীত প্রার্থীদের (মূল ও সংরক্ষিত) সকলকে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে;

০৯. জরিপকালে কোন খানাপ্রধান বা পরিবারকে ফ্যামিলিকার্ডের প্রতিশ্রুতি দেওয়া, ভয়-ভীতি প্রদর্শণ, মিথ্যা বা অসত্য তথ্য ইনপুট, আর্থিক বা অনৈতিক সুবিধাদাবী কঠোরভাবে নিষিদ্ধ; এ ধরণের কোন অভিযোগ পাওয়া মাত্রই মনোনয়ন বাতিলসহ কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

১০. কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক অপেক্ষমাণ গণণাকারী তালিকা পৃথক আদেশে প্রকাশিত হলো; অপেক্ষমাণ তালিকা হতে চূড়ান্ত তালিকায় স্থানান্তরের বিষয়ে বিধিমোতাবেক নিয়োজিত করা হবে; অপেক্ষমাণ তালিকা মানেই নিযুক্তকরণের নিশ্চয়তা নয়;

১১. কর্তৃপক্ষ যে কোন ব্যাখ্যা ছাড়াই যে কোন সময়ে, যে কোন মনোনয়ন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং মাঠ পর্যায়ে নিয়োজন সংক্রান্ত বিষয়ে **'ফ্যামিলি কার্ড খানা-তথ্য সংগ্রহ উপজেলা কমিটি'**র সিদ্ধান্তই চূড়ান্ত;

২।৮।২৬

শরীফ শাওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
সদরপুর, ফরিদপুর
ফোন: ০২- ৪৭৭-৭৯৮১০০
E-mail: unosadarpur@mopa.gov.bd

**নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.০০১.১৬.০০০৩.২৬-** ৩৫৫

**তারিখ:** ১৮ **শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ**
০২ **আগষ্ট ২০২৬ খ্রিষ্টাব্দ**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১৪, ফরিদপুর-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ফরিদপুর।
০৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
০৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
০৫। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
০৬। উপজেলা ................................ কর্মকর্তা সদরপুর, ফরিদপুর।
০৭। জনাব................................................ সদরপুর, ফরিদপুর।
০৮। অফিস কপি।

02/08/2026

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
সদরপুর, ফরিদপুর
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১
E-mail: usso.sadarpur@dss.gov.bd